

কাদের মোল্লার ফাঁসির দাবীতে প্রতিবাদ সমাবেশ

সুপ্রিয় সুধী

আমরা সবাই জানি যে বাংলাদেশে যুদ্ধাপরাধীদের বিচার চলছে। এ পর্যন্ত দু'টি রায় আমরা পেয়েছি আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল এর পক্ষ থেকে। একটি রায়ে যুদ্ধাপরাধী আবুল কালাম আজাদ ওরফে বাচ্চু রাজাকার এর ফাঁসির রায় হয়েছে। পরবর্তী রায়ে জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী জেনারেল কাদের মোল্লার যাবতজীবন সাজা হয়েছে। এই রায়টা বাংলাদেশের বেশীরভাগ মানুষ মেনে নিতে পারেনি। জনতা কুখ্যাত কাদের মোল্লার ফাঁসির দাবীতে এক হয়েছে। গোটা শাহবাগ এলাকা জুড়ে ছাত্র-জনতা এর প্রতিবাদে এক হয়েছে, অবস্থান ধর্মঘট করছে হাজার হাজার ছাত্র জনতা। ৭১ এর মত আবারও জেগে উঠেছে বাঙালি।

তবে শুধু শাহবাগ জুড়েই এই প্রতিবাদ সমাবেশ - তা কিন্তু নয়। বাংলাদেশের সমস্ত জেলায়, উপশহরে এই রায়ের প্রতিবাদে মানুষ বিক্ষোভে ফেটে পড়েছে। ছাত্র, শিক্ষক, লেখক-কবি-শিল্পী, পেশাজীবী, গৃহবধু, মা-বাবা-ভাই-বোন - সবাই আজ এক হয়েছে কাদের মোল্লার ফাঁসির দাবীতে। বিশ্বের যেখানে বাংলাদেশের বাঙালির বসবাস - সেখানেই স্বতঃস্ফূর্ত প্রতিবাদ সভা, মানব-বন্ধনের আয়োজন করা হয়েছে, শরিক হয়েছে প্রতিবাদ সভায়, একাত্মতা ঘোষণা করেছে এই দাবীর সমর্থনে। বাংলাদেশে এক গনজাগরণের সৃষ্টি হয়েছে যা অনেক যুগ দেখেনি মানুষ।

কাদের মোল্লা একজন কুখ্যাত জামায়াত সদস্য। আমাদের মুক্তিযুদ্ধের নয় মাস অনেক নিরীহ বাঙালিকে হত্যা করেছে এই কাদের মোল্লা ও তার দোসররা।

বাংলাদেশের জনগনের এই দাবীর প্রতি আমরা প্রবাসী বাংলাদেশীরা একাত্মতা ঘোষণা করছি।

আগামী ১০ই ফেব্রুয়ারী রবিবার সকাল ১১:০০ টায় এ্যাশফিল্ড পার্ক এর শহীদ স্মৃতিস্তম্ভ প্রাঙ্গনে আমরা এক প্রতিবাদ সভার আয়োজন করেছি।

সিডনির সকল বাঙালি ভাই-বোনকে এ প্রতিবাদ সভায় অংশগ্রহণ করে বাংলাদেশের চলমান গনজাগরণের প্রতি একাত্মতা ঘোষণার আহ্বান জানাচ্ছি।

আগামী ১০ই ফেব্রুয়ারী রবিবার
সকাল ১১:০০ টায়
এ্যাশফিল্ড পার্ক এর শহীদ স্মৃতিস্তম্ভ প্রাঙ্গনে

আয়োজনে

প্রতীতি

কবিতা বিকেল

ঐকতান

লাল-সবুজ

কবিতার বিকেল

একুশে একাডেমী